গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
আইসিটি- ১ শাখা
www.sid.gov.bd

বিষয়: **পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩-এর বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : **জনাব মোঃ আবু বকর সিদ্দিক**<br>**অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ** |
| তারিখ | : **২৯/০৮/২০২২ খ্রিঃ** |
| সময় | : **দুপুর: ২.০০ মিনিট** |
| স্থান | : **সম্মেলন কক্ষ (ব্লক-বি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ** |

উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট-ক

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত ইনোভেশন টিমের সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন বর্তমান সরকার বাংলাদেশকে ২০৪১ সালের মধ্যে একটি উন্নত রাষ্ট্রে পরিণত করার যে মহতী পরিকল্পনা গ্রহণ করেছে তা বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের মাধ্যমে দ্রুত বাস্তবায়ন সম্ভব। এপর্যায়ে তিনি এ বিভাগের প্রোগ্রামার ও ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মু: ওয়াহিদ মুরাদকে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর আওতায় গৃহীত কার্যক্রমের অগ্রগতি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সদস্যসচিব ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর সূচকসমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন।

০২। সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:-

| ক্র | কর্মসম্পাদন সূচক ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | "[১.১.১] সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত"<br>**আলোচনা:** একটি ছক প্রস্তুত করে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সকল শাখা/অধিশাখা হতে উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান করার বিষয়ে সভায় আলোচনা হয়। | (ক) উদ্ভাবনী উদ্যোগ/ধারণা ও সেবা সহজীকরণের আইডিয়া আহবানের জন্য একটি ছক প্রস্তুত করতে হবে।<br><br>(খ) ছক মোতাবেক আইডিয়া/ধারণা প্রেরণের জন্য এ বিভাগের সকল শাখা/অধিশাখায় ইউ.ও নোট প্রেরণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন ফোকাল পয়েন্ট |
| ২. | "[১.২.১] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুতকৃত"<br>**আলোচনা:** ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা/ সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার একটি তালিকা/ডেটাবেইজ প্রস্তুত করা বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা/ সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার একটি তালিকা/ডেটাবেইজ প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন ফোকাল পয়েন্ট |

| | | | |
|---|---|---|---|
| ৩. | "[১.২.২] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালুকৃত"<br>**আলোচনা:** বন্ধ সার্ভিসসমূহ সচল করার ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। এক্ষেত্রে একটি সার্ভার প্রয়োজন বলে এ বিভাগের সিস্টেম অ্যানালিস্ট সভায় অবহিত করেন। | (ক) ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ নির্ধারিত সময়ের মধ্যে চালু করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) সার্ভিসসমূহ সচল করার জন্য প্রয়োজনীয় সার্ভারের ব্যবস্থা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিস্টেম অ্যানালিস্ট (আইসিটি অধিশাখা) ও সদস্য, ইনোভেশন টিম |
| ৪. | "[১.৩.১] ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত"<br>**আলোচনা:** সার্বক্ষণিক ইন্টারনেট সংযোগ সচল রাখতে হবে। বিটিসিএল সংযোগের পাশাপাশি প্রয়োজনে বিকল্প ইন্টারনেট সংযোগের ব্যবস্থা করতে হবে। সকল শাখা/অধিশাখায় ই-নথি কার্যক্রম জোরদারের জন্য তাগিদ দিতে হবে। | ই-নথির কার্যক্রম নির্বিঘ্নে রাখার জন্য বিটিসিএল সংযোগের পাশাপাশি প্রয়োজনে বিকল্প ইন্টারনেট সংযোগের বাজেট সংস্থানের জন্য প্রশাসন-২ শাখা/বাজেট অধিশাখা বরাবর একটি ইউ.ও নোট প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি-২ শাখা |
| ৫. | "[১.৪.১] ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্মপরিকল্পনা প্রণীত"<br>**আলোচনা:** সকল সদস্য এ আলোচনায় অংশ নিয়ে কর্মপরিকল্পনা প্রণয়নের বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের গৃহীত কার্যক্রম সম্পর্কে ধারণা নেয়ার বিষয়ে মতামত ব্যক্ত করেন। ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে একটি কর্মপরিকল্পনা প্রণয়ন কর্মশালা অনুষ্ঠানের বিষয়ে উপস্থিত সবাই একমত পোষণ করেন। | ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য একটি কর্মশালা আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপসচিব প্রশাসন-৩ অধিশাখা |
| ৬. | "[১.৪.২] ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজিত" | ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজনের বিষয়টি এ বিভাগের বাৎসরিক প্রশিক্ষণ ক্যালেন্ডারে অন্তর্ভূক্ত করা হয়েছে। | উপসচিব প্রশাসন-৩ অধিশাখা |
| ৭. | "[২.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত"<br>**আলোচনা:** তথ্য বাতায়ন হালনাগাদ অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে ত্রৈমাসিক ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রতিবেদন প্রেরণ করা হয়। | ত্রৈমাসিক ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | ইনোভেশন ফোকাল পয়েন্ট |
| ৮. | "[২.২.১] কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজিত"<br>**আলোচনা:** ০৭/০৮/২০২২ খ্রি: তারিখে "ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন" বিষয়ক একটি প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট প্রশিক্ষণ আয়োজনের জন্য প্রশাসন-৩ অধিশাখায় যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | এ বিভাগের বাৎসরিক প্রশিক্ষণ ক্যালেন্ডারে কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ অন্তর্ভূক্ত করা হয়েছে। | উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা |

| | | | |
|---|---|---|---|
| ৯ | "[২.২.২] ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়িত" | লক্ষ্যমাত্রা অনুযায়ী ইনোভেশন খাতে বরাদ্দকৃত অর্থের নূন্যতম ৮০% ব্যয় করতে হবে। | ইনোভেশন ফোকাল পয়েন্ট অফিসার |
| ১০ | "[২.২.৩] কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত" | যথাসময়ে অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | |
| ১১ | "[২.২.৪] আওতাধীন দপ্তর/সংস্থার অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত" | যথাসময়ে বিবিএস এর অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা করে ফিডব্যাক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | |
| ১২ | "[২.২.৫] দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনকৃত"<br><br>**আলোচনা:** ২০২১-২২ অর্থবছরে উদ্ভাবনের সাথে সম্পৃক্তদের নিয়ে আইসিটি টাওয়ারে অবস্থিত আইডিয়া প্রকল্প ভিজিটে যাওয়া হয়। এই অর্থবছরে পার্শবর্তী দেশ ভারত বা অন্য কোন দেশে ইনোভেশন সম্পর্কিত উদ্যোগ পরিদর্শন করা যেতে পারে। সম্ভব না হলে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র, পায়রা সমুদ্র বন্দর ও যশোরে অবস্থিত শেখ হাসিনা সফটওয়্যার টেকনোলজি পার্ক এর মধ্যে যে কোন একটিতে সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অনুমোদনক্রমে শিক্ষা সফরে যাওয়ার বিষয়ে আলোচনা হয়। | উদ্ভাবনের সাথে সম্পৃক্তদের নিয়ে পার্শবর্তী দেশ ভারত বা অন্য কোন দেশে ইনোভেশন সম্পর্কিত উদ্যোগ পরিদর্শন করা যেতে পারে। সম্ভব না হলে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র, পায়রা সমুদ্র বন্দর ও যশোরে অবস্থিত শেখ হাসিনা সফটওয়্যার টেকনোলজি পার্ক এর মধ্যে যে কোন একটিতে সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অনুমোদনক্রমে শিক্ষা সফরে যাওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা) ও ইনোভেশন টিমের সদস্য,<br><br>ইনোভেশন ফোকাল পয়েন্ট অফিসার |
| ১৩ | **বিবিধ:** আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ২০২২-২৩ এর অগ্রগতি পর্যালোচনা করতে হবে। এ বিষয়ে বিবিএস-এর ইনোভেশন অফিসার সভায় উপস্থিত থাকার বিষয়ে আলোচনা হয়। | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ইনোভেশন অফিসারকে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ইনোভেশন টিমের সভায় আমন্ত্রণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | - |

অবশেষে আর কোনো আলোচনা না থাকায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩-এর কর্মসম্পাদন সূচক অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে কর্মসম্পাদনের নির্দেশনা দিয়ে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আবু বকর সিদ্দিক)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও
চিফ ইনোভেশন অফিসার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ